ইসরায়েল পুরোপুরি গাজা ছাড়া না পর্যন্ত যুদ্ধবিরতি স্থায়ী হবে না: কাতার প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

কাতারের প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন আবদুর রহমান আল থানি মন্তব্য করেছেন, গাজার বর্তমান পরিস্থিতি সম্পূর্ণ যুদ্ধবিরতি হিসেবে গণ্য করা যায় না। তার মতে, ইসরায়েল যদি পুরোপুরি গাজা উপত্যকা থেকে সেনা প্রত্যাহার না করে, ততক্ষণ প্রকৃত যুদ্ধবিরতি কার্যকর হবে না।

শনিবার (৬ ডিসেম্বর) দোহা ফোরামে এক আলোচনায় তিনি বলেন, "যুদ্ধবিরতি তখনই সত্যিকারের হবে, যখন সাধারণ মানুষ নিরাপদে চলাচল করতে পারবে এবং ইসরায়েল গাজা থেকে সেনা সরিয়ে নেবে।"

একই অনুষ্ঠানে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান যুক্তরাষ্ট্রের শান্তি পরিকল্পনার দ্বিতীয় ধাপ নিয়ে আঙ্কারার অবস্থান তুলে ধরেন।

গত অক্টোবর মাসে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর ইসরায়েল কিছু অংশে সেনা সরিয়ে নিয়েছে, তবে রাফাহ সীমান্ত এখনও পুরোপুরি খোলা হয়নি। এছাড়া, গাজায় নিহত ইসরায়েলিদের লাশ ফেরত দেওয়ার দাবি রাখা হয়েছে।

LENS ASIA

আল থানি বলেন, কাতার, তুরস্ক, মিসর ও যুক্তরাষ্ট্র মিলিতভাবে এই পরিস্থিতির পরবর্তী পদক্ষেপে কাজ করছে। যুক্তরাষ্ট্রের একজন কর্মকর্তা জানিয়েছেন, দুই সপ্তাহের মধ্যে দ্বিতীয় ধাপের বিস্তারিত ঘোষণা আসতে পারে।